




পশ্চিমবঙ্গ পশ্চিম বঙ্গাল WEST BENGAL

86AB 133625

পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

সাং গনপতিনগর, পোঃ অঃ - উত্তর সোনামুই, থানা - তমলুক, জেলা - পূর্ব মেদিনীপুর। পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ এর পক্ষে, কর্মাধ্যক্ষ, বন ও ভূমি সংস্কার স্থায়ী সমিতি, প্রথমপক্ষ। অম্বাদবা, তজান ওয়েল (২০২০) টাঙ্গা, দাঙ্গা, তরিত্তিং কামিলার, কামারপুর, বোলা দ্বিতীয়পক্ষ।

কস্য অস্থায়ী ব্যবহারের অনুমতি প্রদানের একরারনামা পত্র মিদং কার্য্যক্রমে :-
পূর্ব মেদিনীপুর জেলার হেড্রী থানার অন্তর্গত কামারপুর বোলা মৌজায়, জে. এল. নম্বর ৭৭, হাল দাগ নম্বর ১৪ পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের খাস দখলী সম্পত্তি হইতেছে। নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি হেড্রী থানা অন্তর্গত কামারপুর বোলা মৌজার অধীন হইতেছে এবং তাহাতে প্রথমপক্ষ, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ, খাস দখলীদার আছেন। বর্তমানে উক্ত দাগ সম্পূর্ণ নির্দায়, নির্দোষ ও সম্পূর্ণ ফাঁকা অবস্থায় রহিয়াছে। উক্ত জমির মধ্যে নিম্নতপশীল বর্ণিত জমি দ্বিতীয়পক্ষ সাময়িকভাবে অস্থায়ী গৃহাদী নির্মাণ করিয়া তথায় বসবাস বা অস্থায়ী দোকান ও অস্থায়ী ব্যবসা অথবা যাতায়াত করিবার জন্য অনুমতি প্রার্থনা করায় প্রথম পক্ষ দ্বিতীয়পক্ষকে বাংলা ২৪.৭.২০ সনের ১ লা বৈশাখ তারিখ হইতে বাংলা ২৪.৭.২০ সনের ৩০ শা চৈত্র তারিখ পর্যন্ত ০২ (দুই) বৎসরের জন্য উক্ত জমিতে সাময়িকভাবে দোকান বা অস্থায়ী ব্যবসা করিবার বা যাতায়াত করিবার

৪৬২ ৫৬ ০৭ ৫৮
পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ
কর্মাধ্যক্ষ
পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

Anujit Kamila

শ্রী ব্রজেন কুমার
ডেক্সার
মোঃ কলামোছিয়া হাট
কানা-শেজুরী, পূর্ব মেদিনীপুর
৯/৭/২৪

জন্য অনুমতি প্রদান করিতে সম্মত হইয়াছেন। উক্ত অনুমতির শর্তাদি সম্বন্ধে উভয়পক্ষের মধ্যে একটি একরারনামা সম্পাদন হওয়ায় আমরা প্রথম ও দ্বিতীয়পক্ষ উভয়ে পরস্পরের স্বীকৃতি ও সম্মতিতে অত্র একরারনামা সম্পাদন করিয়া অঙ্গীকার করিতেছি ও লিখিয়া দিতেছি যে:-

১) আমি, দ্বিতীয়পক্ষ, প্রথম পক্ষের নিকট হইতে নিম্নতপশীল বর্ণিত জমি বাংলা ...২৪.৩২... সনের ১ লা বৈশাখ তারিখ হইতে বাংলা ...২৪.৩২... সনের ৩০ শা চৈত্র তারিখ পর্যন্ত ০২(দুই) বৎসর যাবৎ অস্থায়ী গৃহাদি নির্মাণ করিয়া তাহা ব্যবহার করিবার অনুমতি প্রাপ্ত হইলাম। আমি দ্বিতীয়পক্ষ উক্ত অনুমতি উক্ত জমি কেবলমাত্র অস্থায়ী ব্যবসার জন্য যাতায়াতের জন্য বা ব্যবসা করার জন্য অস্থায়ীভাবে ব্যবহারের অনুমতি মাত্র প্রাপ্ত হইলাম। তাহাতে আমি দ্বিতীয় পক্ষ তাহা কস্মিনকালে কোন স্থায়ী স্বত্বের উদ্ভব হইতে পারিবে না আমি দ্বিতীয় পক্ষ তাহা কস্মিনকালে কোন স্থায়ী বা অন্য কোন অধিকার দাবী করিতে পারিব না। উক্ত জমির যাবতীয় স্বত্ব প্রথম পক্ষের রহিল এবং তিনি যখন ইচ্ছা উক্ত জমিতে প্রবেশ ও পরিদর্শন করিতে পারিবেন তাতে আমার আমাদের দ্বিতীয় পক্ষের কোন ওজর-আপত্তি গ্রাহ্য হইবে না। মেয়াদ অন্তে প্রথম পক্ষের যাবতীয় শর্তপালন করিলে পরবর্তী দুইবৎসর অন্তর চুক্তিপত্র পুনঃনবীকরন হইবে।

২) আমি দ্বিতীয় পক্ষ উক্ত জমি ব্যবহার করিবার জন্য প্রথম পক্ষকে উক্ত জমি অবস্থিতর গুরুত্ব অনুযায়ী অনুমতি ফি বাবদ৫.২২৮... টাকা এককালীন প্রদান করিলাম। বার্ষিক ভাড়া ২২৫০/- (.....৫২ হাজার ২২৮ টাকা মাত্র) টাকা (.....৫২ হাজার ২২৮ টাকা মাত্র) টাকা কা ভাড়া ফি বাবদ নিয়মিতভাবে প্রদান করিবার অঙ্গীকার করিতেছি। যদি তাহা আদায়ের অন্যথা করি তবে প্রথম পক্ষ তা নালিশের দ্বারা মায় খরচ আদায় করিয়া লইতে পারিবেন এবং আমি উক্ত দখল হইতে সত্বচ্যুত হইব।

৩) আমি দ্বিতীয় পক্ষ উক্ত জমিতে যে অস্থায়ী গৃহাদি নির্মাণ করিব তাহার জন্য প্রথম পক্ষের নিকট নকশা দাখিল করিব। প্রথম ভক্ত উক্ত নকশা মঞ্জুর করিয়া গৃহ নির্মাণের অনুমতি প্রদান করিলে তবেই আমি প্রতিপক্ষ দ্বিতীয় পক্ষ মঞ্জুরীকৃত নকশা অনুসারে গৃহ নির্মাণ করিব তাহার কোন বা পরিবর্তন করিতে পারিব না। প্রথম পক্ষের বিনা অনুমতিতে অত্র জমিতে গৃহ নির্মাণ করলে তৎক্ষণাৎ অর্থ একরারনামা বাতিল হইবে এবং আমি দ্বিতীয় পক্ষ বিনা নোটিশে উক্ত জমির দখলচ্যুত হইব।

৪) আমি দ্বিতীয় পক্ষ যে জমি ব্যবহারের অনুমতি প্রাপ্ত হইলাম তাহার অধিক অন্য কোনো জমি দখল করিতে পারিব না। করিলে প্রথম পক্ষের নিকট ক্ষতির দায়ী হইব এবং উচ্ছেদযোগ্য হইব। দ্বিতীয়পক্ষের জমির পরিমাণ ও অবস্থার পরিবর্তনে পরিদর্শনের জন্য প্রথমপক্ষ বা তাঁহার কর্মচারীগণ যখন ইচ্ছা উক্ত জমিতে প্রবেশ ও পরিমাপাদি করিতে পারিবেন ও দ্বিতীয় পক্ষ কোন বাধা দিতে পারবে না।

০৪.০৭.২১
দ্বিতীয় অত্যা দাস
কর্মচারী
কন ও দুই সন্তান স্থায়ী সমিতি
পূর্ব মেদিনীপুর জেলা পল্লী

Anujit Kanish

৫) আমি দ্বিতীয় পক্ষ নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সীমা চৌহদ্দি সহরং রক্ষা করিব এবং নিজ ব্যয়ে চতুর্দিকে খুঁটি দিয়া তাহা চিহ্নিত করিয়া লইব। উক্ত জমিতে কাহাকেও অনধিকার প্রবেশ করতে দিব না।

৬) উক্ত জমিতে যে সকল বৃক্ষ আছে দ্বিতীয় পক্ষ তাহার ফল ভোগ করিতে পারিবেন মাত্র। দ্বিতীয় পক্ষ উক্ত জমিতে কোন বৃক্ষরোপণ করিলে দ্বিতীয় পক্ষ মেয়াদ মধ্যে তাহার কেবলমাত্র ফলভোগী হইবেন। উক্ত প্রকার বৃক্ষে দ্বিতীয় পক্ষের কোনো অন্য কোন স্বত্ত্ব বা অধিকার জন্মিবে না বা দ্বিতীয়পক্ষ তাহা প্রথমপক্ষের বিনা অনুমতিতে কর্তন, ছেদন বা কোন প্রকার নষ্ট বা ক্ষতিকারক কার্য্য করিতে পারিবে না। করিলে প্রথমপক্ষের নিকট দায়ীক হইবে।

৭) উক্ত জমিতে দ্বিতীয়পক্ষ কোন কুপ, পুষ্করিণী, খাল, খন্দ-আদি খনন করিতে বা উক্ত জমির অন্য কোন প্রকার রূপান্তর করিতে পারিবে না বা তৃতীয় পক্ষ কাহাকেও করিতে দিবেন না।

৮) দ্বিতীয় পক্ষ উক্ত জমি অন্য কাহাকেও দান, বিক্রয়, বন্ধক বা কোন প্রকার হস্তান্তর বা দায় সংযোগ বা অন্য কাহাকেও তাহা ভাড়া প্রদান করিয়া অস্থায়ী হিসাবে ব্যবহার করিতে দিতে পারিবে না, করিলে বিনা নোটিশে উক্ত জমি হইতে দখলচ্যুত হইয়া সমূহ ক্ষতিপূরণ আইনানুগভাবে দিতে বাধ্য থাকিবেন।

৯) প্রথম পক্ষ উক্ত জমি হইতে প্রথম পক্ষের রাস্তা সংস্কারের জন্য আবশ্যিক মতো মাটি বা ঘাসের চাপড়া লইতে পারিবেন তাহাতে দ্বিতীয় পক্ষ কোন প্রকার আপত্তি করিতে বা কোন ক্ষতিপূরণ দাবি করিতে পারিবেন না।

১০) বর্তমানে উপরোক্ত দাগে যদি কোন অস্থায়ী গৃহ থাকে মেয়াদ শেষে তাহাতে দ্বিতীয়পক্ষ বা তাহার ওয়ারিশগণের কোনরূপ দাবি-দাওয়া থাকবে না। মেয়াদ অন্তে নির্দিষ্ট দিনে সূর্যাস্তের মধ্যে আমি দ্বিতীয়পক্ষ আমার নির্মিত অস্থায়ী গৃহের কাঠামো সরাইয়া লইতে বাধ্য থাকিব। যদি উক্ত কাঠামো উপরোক্ত শর্তানুযায়ী সরাইয়া না লই তাহলে নির্দিষ্ট মেয়াদ ও সময় অন্তে উক্ত জমির উপর দ্বিতীয় পক্ষের ঘরের কোন কাঠামো বর্তমান নাই অর্থাৎ দ্বিতীয় পক্ষ আর্থিক খরচ করিয়া সরাইতে রাজি নহলে প্রথম পক্ষ জনস্বার্থে যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করিবেন। ইহাতে তাহার কোন উত্তরাধিকারীর কোন দাবি দাওয়া অথবা আপত্তি করিতে পারিবে না, কোনো ক্ষতিপূরণ চাহিতে পারবেন না, করিলে তাহা বেআইনী গণ্য হইয়া অগ্রাহ্য হইবে।

১১) মেয়াদ মধ্যে উক্ত জমি প্রথমপক্ষের আবশ্যিক হইলে প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষ কে ৩০ দিনের নোটিশ দিয়া উক্ত জমি প্রথম পক্ষের দখলে ছাড়িয়া দেওয়ার জন্য নোটিশ প্রদান করিবেন এবং দ্বিতীয় পক্ষ উক্ত ৩০ দিনের মধ্যে অত্রজমি ও তৎসঙ্গে তাহার নির্মিত গৃহাদি নিজ ব্যয়ে অপসারণ করিয়া তাহা প্রথমপক্ষের খাস দখলে ছাড়িয়া

০৮.০৭.২৫
দ্বিতীয় পক্ষের
কর্মসূচী
কন ও ছবি সংগ্রহ স্থায়ী সমিতি
পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

Arjit Kamila

দিবেন। মেয়াদ পূর্ণ হওয়ার বাকী দিনের অনুপাতিক হারে টাকা প্রথম পক্ষ দ্বিতীয়পক্ষ কে ফেরত দিতে বাধ্য থাকিবে।

১২) দ্বিতীয় পক্ষ উক্ত অস্থায়ী অনুমতিপ্রাপ্ত জমিতে কোন দীর্ঘমেয়াদী বা স্থায়ী বেআইনী বা আপত্তিকর কোন ব্যবসা করিতে পারিবেন না, করিলে তাহা সার্বিকভাবে বিশ্বাসভঙ্গের দায়ে দায়ী হইয়া বিনা নোটিশে উচ্ছেদ হইবে এবং কোন প্রকার ক্ষতিপূরণ দাবি করিতে পারিবে না।

১৩) জনস্বার্থে প্রথমপক্ষ জরুরী ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করিয়া অত্র অনুমতি পত্র বিনা নোটিশে বাতিল করে দ্বিতীয় পক্ষ মানিয়া লইতে বাধ্য থাকিবেন এবং দ্বিতীয়পক্ষ প্রথমপক্ষের সহিত সহযোগিতা করিয়া তাহার যাবতীয় মালপত্রসহ নির্মিত অস্থায়ী ঘর সরাইয়া লইয়া জরুরীভিত্তিক খাস দখল জনস্বার্থে প্রথমপক্ষের অনুকূলে দিবেন। অন্যথায় প্রথমপক্ষ জমি খালি করিবার জন্য জরুরীভিত্তিক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন এবং সে ক্ষেত্রে মেয়াদপূর্তির বাকী দিনের আনুপাতিক হারে ফেরৎযোগ্য লাইসেন্স ফি প্রথম পক্ষ দ্বিতীয়পক্ষ দ্বিতীয়পক্ষ কে আবেদনের ভিত্তিতে সত্বর দেওয়ার ব্যবস্থা করিবেন।

১৪) দ্বিতীয়পক্ষ অত্র একরারনামা কোনও এক শর্ত ভঙ্গ করিলে অত্র একরারনামা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দ্বিতীয়পক্ষ বিনা নোটিশে অত্র জমি হইতে উচ্ছেদ হইবে এবং প্রথমপক্ষ উক্ত জমির খাস দখল লইয়া যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করিবেন, যাহাতে দ্বিতীয়পক্ষের কোনো দাবি বা আপত্তি থাকিবে না।

১৫) আমি প্রথমপক্ষ পূর্বের শর্তাধীনে নিম্ন তপশীল বর্ণিত জমি দ্বিতীয় পক্ষ কে ২(দুই) বৎসরের জন্য ব্যবহার করিবার অনুমতি প্রদান করিলাম।

১৬) জমি ব্যবহার ও দখল সম্পর্কে প্রথমপক্ষ কর্তৃক সময়ের সময় দেয় বিধিসম্মত নির্দেশাদি দ্বিতীয়পক্ষ পালন করিতে বাধ্য থাকিবেন।

১৭) অত্র একরারনামা শর্ত সমূহ সকল পক্ষগণ ও তাহাদের ওয়ারিশগণ ও স্থলাভিষিক্তগণ মানিতে বাধ্য থাকিবেন।

১৮) আসল একরারনামা পত্র প্রথমপক্ষের নিকট থাকিবে দ্বিতীয়পক্ষের আবেদন করলে যথাযথ অনুমতি প্রদান করা হইবে।

১৯) আমার প্রথম ও দ্বিতীয়পক্ষগণ উপযুক্ত শর্তসমূহ পরস্পরের সম্মতি ও স্বীকৃতি মতে অত্র একরারনামা সাক্ষীগণের সাক্ষতে সুস্থ শরীরে, সরল মনে সমস্ত শর্তের মর্ম্ম বুঝিয়া স্বেচ্ছায় সহি স্বাক্ষরাদি দ্বারা সম্পাদন করিয়া দিলাম।

তারিখ: ১৪.০৪.২৫

নিবেদন
ইতি

১৪.০৪.২৫
জমি অত্র দাখল
কর্মী
কন ও ভূমি সঞ্চয় স্থায়ী সমিতি
পূর্ব প্রদেশের জেলা পরিষদ

Arjit Kamila

তপশীল

ব্লক : খেজুরী - II
মোজা : ক্যাম্পুৰ কৰ্ণা
দাগ নম্বৰ : ৩৩৬
জে. এল. নম্বৰ : ৭৭
জায়গাৰ পৰিমাণ : ০৪ হেক্টৰ

চৌহদ্দি

পূব : কামাৰ ভাৰ্গৱ
পশ্চিম : কডু দাঙ
উত্তৰ : গাৰ্গীয়া কুমিডাৰী
দক্ষিণ : পাৰ্শ্বাৰা



Anujit Kamila
Secretary

প্রথমপক্ষৰ স্বাক্ষৰ
০৪.০৭.২৫

শ্রীমতী অভয়া দাস
কৰ্মাধ্যক্ষ
কন ও ভূমি সঞ্চয় স্থায়ী সমিতি
পূব মেদিনীপুৰ জেলা পৰিষদ
দ্বিতীয়পক্ষৰ স্বাক্ষৰ

Anujit Kamila

সাক্ষী:

১) Soumen Mondal, vill- Paschim Bhangannari, P.O.-Janka, P.S.-Khejuri
Dist- Purba Medinipur. Pin- 721431
২) Uham Kumar Mondal

৩)

৪)